# CERTIFICATE

This is to certify that Ms. Joli Dholey carried out a research work entitled Impact " পরিবারের ওপর উচ্চশিক্ষার বেসরকারিকরনের প্রভাব : সিঙ্গুরে একটি সমাজতাত্ত্বিক সমীক্ষা। " .This is an original work carried out by her/him for the degree of Bachelor of Arts in Sociology of Burdwan University and no part of this work has been submitted elsewhere for any degree or diploma.

S. Goswami

Head
Department of Sociology

Government General Degree College, Singur




**পরিবারের ওপর উচ্চশিক্ষার বেসরকারিকরণের প্রভাব :** সিঙ্গুরে একটি সমাজতাত্ত্বিক সমীক্ষা।

পরিবারের ওপর উচ্চশিক্ষার বেসরকারিকরনের প্রভাব : সিঙ্গুরে একটি সমাজতাত্ত্বিক সমীক্ষা। ( Impact of privatization of higher education on family : A sociological study in Singur )

Name : Joli Dholey

Subject : Sociology honours

Semester : 6

Paper: DSE 4

College: Government General Degree College , Singur

University roll no :190142000062

University Registration number :201901056596 of 2019-20

Year :2022

# ACKNOWLEDGEMENT

## ( কৃতজ্ঞতা স্বীকার)

এই সমীক্ষার কাজটি সম্পন্ন করতে গিয়ে যেসব ব্যক্তি সমূহের পরামর্শ, সাহায্য ও সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন তাদের সবার প্রতি কৃতজ্ঞতা জানাই। এ প্রসঙ্গে বিশেষভাবে যার নাম প্রথমেই উল্লেখ করতে হয় তিনি আমার নির্দেশিকা গভারমেন্ট জেনারেল ডিগ্রি কলেজ সিঙ্গুর এর আমাদের বিভাগীয় অধ্যাপিকা ড: চন্দ্রিমা বিশ্বাস মহাশয়া। ওনার আন্তরিক সাহায্য , পরামর্শ, নির্দেশনা ও পরিচালনায় এই সমীক্ষা মূলক কাজটি সম্পন্ন হয়েছে। ওনাকে আন্তরিক শ্রদ্ধা জানাই। তার সাথে আমাদের বিভাগীয় প্রধান অধ্যাপিকা ড: সুমনা গোস্বামী মহাশয়া এবং অধ্যাপিকা ড: তিতাসা সিনহা মহাশয়ার প্রতি কৃতজ্ঞ থাকিব। যাকে কৃতজ্ঞতা ও গভীর শ্রদ্ধা জ্ঞাপন করতেই হয় তিনি হলেন গভারমেন্ট জেনারেল ডিগ্রী কলেজ সিঙ্গুর এর অধ্যক্ষ ড: শান্তনু চক্রবর্তী মহাশয়।

কৃতজ্ঞতা জানাই সিঙ্গুর অঞ্চলের সেইসব উত্তরদাতাকে যারা তথ্য সংগ্রহের জন্য সহযোগিতা ও সমর্থন করেছে।

কৃতজ্ঞতা জানাই সহযোগী বন্ধুদের যাদের সাহায্যে এই সমীক্ষার কাজটি অনেকটা অগ্রসর হয়েছে। এবং সেইসব লেখক ও লেখিকাদের যাদের বিভিন্ন পুস্তক ও নথিপত্র সমীক্ষার কাজে সাহায্য করেছে।

Joli Dholey

শিক্ষার্থীর স্বাক্ষর

# CONTENTS


| CHAPTERS | TOPIC | PAGE NO |
|---|---|---|
| I | Introduction | 1-3 |
| II | Review of Literature | 4-6 |
| III | Methodology | 7 |
| IV | Major Findings | 8-17 |
| V | Conclusion | 18 |

Annexure—a) Bibliography

b) A Sample Questionnaire.

# INTRODUCTION

## ( ভূমিকা)

শিক্ষাকে সর্বদা মানব উন্নয়ন একমাত্র মূল উপাদান এবং সর্বশ্রেষ্ঠ শক্তি হিসেবে বিবেচনা করা হয়েছে যা অর্থনৈতিক উন্নয়নের উল্লেখযোগ্যভাবে অবদান রাখে ।
উচ্চশিক্ষার একটি উন্নত এবং ন্যায়সঙ্গত ব্যবস্থা শিক্ষাদান এবং গবেষণা উভয়ের ফলস্বরূপ মানসম্পন্ন শিক্ষাকে উৎসাহিত করে উদীয়মান জ্ঞান অর্থনীতিতে সাফল্যের মূল চালিকাশক্তি হিসেবে কাজ করে।[1]

চীন ও মার্কিন যুক্তরাষ্ট্রের পর ভারতে বিশ্বের তৃতীয় বৃহত্তম উচ্চ শিক্ষা ব্যবস্থা রয়েছে। উচ্চ শিক্ষার লক্ষ্য হলো ন্যায়বিচার ,গুণমান ,কর্মসংস্থান অন্তর্ভুক্তি অর্জন এবং একটি গান সমাজ অর্থনীতিতে তৈরি করা। অনুৎপাদনশীল অনুশীলন দুর্নীতি এবং তহবিলের অনুপলব্ধতা দেশীয় শিক্ষা ব্যবস্থাকে ভেঙে দিচ্ছে বলে মনে করা হয়। তহবিলের অনুপস্থিতি সমস্যা মোকাবেলা করার জন্য নতুন প্রতিষ্ঠান স্থাপনের পরিবর্তে যার জন্য বিপুল বিনিয়োগ প্রয়োজন। সরকারের অগ্রাধিকার হলো বিদ্যমান প্রতিষ্ঠান সক্ষমতা বাড়ানো এবং শুধুমাত্র বেসরকারি খাতে উচ্চশিক্ষা নতুন শিক্ষাপ্রতিষ্ঠান খোলা। উচ্চ শিক্ষায় বেসরকারিকরণের তিনটি রূপ রয়েছে।– ১) সরকারি স্ব-অর্থায়ন প্রতিষ্ঠান ।২ ) সরকারি সাহায্য প্রাপ্ত বেসরকারি স্ব- অর্থায়ন প্রতিষ্ঠান।৩) সম্পূর্ণ বেসরকারি উচ্চশিক্ষা প্রতিষ্ঠান[2]

শিক্ষাকে বিশ্বব্যাপী মানব পুঁজি গঠনে গুরুত্বপূর্ণ বিনিয়োগ হিসেবে বিবেচনা করা হয়। সমস্ত প্রযুক্তিগত উদ্ভাবন এবং অর্থনৈতিক বৃদ্ধির মাধ্যম হলো মানব পুঁজি সকলকে শিক্ষা প্রদান সরকারের প্রাথমিক কর্তব্য বলে বিবেচিত হয় কিন্তু সরকার উচ্চশিক্ষা থেকে প্রাথমিক শিক্ষার দিকে মনোনিবেশ করছে এবং বেসরকারি খাতকে উচ্চ শিক্ষার খাতে প্রবেশ করিয়েছে যাকে উচ্চ শিক্ষায় বেসরকারিকরণ বলা হয়। আমাদের দেশে উচ্চশিক্ষার বেসরকারিকরণের ঢেউ চলছে। ভারতে উচ্চ শিক্ষা ব্যবস্থার দ্রুত বৃদ্ধি পাচ্ছে। ভারত সরকার বুঝতে পেরেছিলো যে পাবলিক বাজেট বিপুল জনসংখ্যার উচ্চশিক্ষার পর্যাপ্ত অর্থায়ন করতে পারেনা। তাই সরকার ব্যবস্থা নিয়েছে ছাত্রদের ফি বৃদ্ধি ছাত্র ঋণ এবং বেসরকারিকরণ প্রাপ্ত তার ন্যায্যতা এবং

---

[1] IGNOU service in December 2020
[2] Manmeet Oberoi Baweja 2017

উচ্চশিক্ষা সমপ্রসারণের জন্য সংস্থান সংগ্রহের জন্য এই পদক্ষেপ গুলি শিল্পপতিদের জন্য উচ্চশিক্ষাকে লাভজনক ব্যবস্থায় পরিণত করেছে বিপুল সংখ্যক বেসরকারী প্রতিষ্ঠান শিক্ষাখাতে প্রবেশ করতে উৎসাহিত হচ্ছে একদিকে উচ্চশিক্ষার বেসরকারিকরণ শিক্ষাকে জনগণের কাছে মূল্যায়ন যোগ্য করে তুলছে অন্যদিকে এটি ফি বৃদ্ধি পেশাদারদের শোষণ নিয়ে আসছে।

সর্বোপরি বেসরকারিকরণ শিক্ষাক্ষেত্রে আমূল পরিবর্তন এসেছে যা আমাদের সমাজকে ইতিবাচক ও নেতিবাচক উভয় উপায় প্রভাবিত করেছে। বেসরকারিকরণ ব্যক্তি প্রতিষ্ঠান ও ধর্মীয় প্রতিষ্ঠান এবং অন্যান্য বেসরকারি সংস্থাগুলিকে শিক্ষা শিল্প অর্জন করতে এবং সারা দেশে শিক্ষার ক্রমবর্ধমান চাহিদার সাথে সামঞ্জস্য করতে উৎসাহিত করতে সক্ষম করেছে। অস্বীকার করা যায় না বেসরকারিকরণ শিক্ষাখাতে সম্পূর্ণ নতুন মাত্রা দিয়েছে। এটা আমাদের সাক্ষরতার হার বাড়িয়েছে।

শিক্ষার বেসরকারীকরণ এর সুবিধা গুলি হচ্ছে যেমন এই শিক্ষা খুবই সহজলভ্য যারা ফি পরিশোধ করতে পারে তাদের কাছে। নিঃসন্দেহে বেসরকারি খাত উল্লেখযোগ্য অবকাঠামোগত পরিবর্তন করেছে এবং অত্যাধুনিক কাঠামোকে পুনরায় পুরন করেছে এরা শিক্ষাদানের আধুনিক কৌশল প্রবর্তন করেছে। যা শিক্ষার্থীদের কর্মদক্ষতা বাড়াতে সাহায্য করছে। বিভিন্ন আধুনিক শিক্ষা প্রযুক্তির ব্যবহার করা হচ্ছে। এর পাশাপাশি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের কিছু অসুবিধা আছে। বেসরকারি প্রতিষ্ঠান অত্যাধিক ফি নির্ধারণ করছে অল্প আয়ের অভিভাবকদের পক্ষে সেগুলি বহন করা কঠিন এবং একইভাবে তাদের সন্তানদের এই সব প্রতিষ্ঠান ভর্তি করার পথে সীমাবদ্ধতা তৈরি করে। এর পাশাপাশি বেসরকারি স্কুলের ও কলেজের লক্ষ্য শিক্ষাপ্রদান থেকে অর্থ উপার্জনের দিকে সরে গেছে একটি মান বজায় রাখার জন্য এ প্রতিষ্ঠানগুলি কঠোরভাবে দরিদ্র পরিবারের লোকেদের ভর্তি এড়িয়ে চলতে চায় যা তাদের উচ্চ মূল্য নির্ধারণ দেখে বোঝা যায়। এইভাবে সাধারন পরিবারের শিশুরা এই ধরনের প্রতিষ্ঠান থেকে দূরে সরে থাকে কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক এর অভাবে মানসম্মত শিক্ষা দিতে দিতে পারেনা।

বর্তমান দিনে দেখা যাচ্ছে বেশিরভাগ পরিবারই চাইছে তাদের সন্তানরা উচ্চশিক্ষা লাভ করুক এবং চাকরি জোগাড় করুক। বর্তমানে সংসারের চাহিদা পূরণ করা অনেকের পক্ষেই দুষ্কর হয়ে দাঁড়িয়েছে ।সংসার চালাতে যেয়ে তাদের জমা পুঁজি শেষ হয়ে যাচ্ছে। বর্তমান পরিস্থিতির কথা

মাথায় রেখে বেশিরভাগ পরিবারই চাইছে যাতে তাদের সন্তানদের ভবিষ্যতে আর্থিক সমস্যা না হয়। তাই তারা তাদের সন্তানদের বেসরকারি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি করছে যাতে তাদের আর্থিক উন্নতি হয় এবং তার ফলে তারা সামাজিক অবস্থার পরিবর্তন ঘটাতে পারে। কিন্তু অনেকে এমন আছে যাদের আর্থিক পুঁজি না থাকার সত্ত্বেও এর পিছনে খরচা করতে বাধ্য হয়। পরিবারের এখন প্রধান উদ্দেশ্য হয়ে গেছে যে সন্তানদের নিজের পায়ে দাঁড় করানো ।তার ফলে অনেক পরিবারে নেতিবাচক ও ইতিবাচক প্রভাব পড়ছে আশা রাখা যায় এই সমীক্ষার ফলে যে নেতিবাচক প্রভাব পড়বে তা তুলে ধরা যাবে ।

এই সমীক্ষা করার মূল উদ্দেশ্য হচ্ছে –১) বর্তমানে অধিকাংশ ছেলে-মেয়ে বেসরকারি উচ্চ শিক্ষা গ্রহণ করায় তাদের পরিবারের অর্থনৈতিক ক্ষেত্রের ওপর কতটা বিরূপ প্রভাব পড়ছে সেটা দেখা

২) এই বেসরকারি উচ্চ শিক্ষা নিয়ে সমাজে বিভিন্ন পরিবারে মানুষের কি চিন্তা ধারা আছে তা তুলে ধরা।

# REVIEW OF LITERATURE

(সাহিত্যের পর্যালোচনা)

শিক্ষা একটি ব্যবসা নয় শিক্ষা একটি ব্যবসার পণ্য বা সিস্টেম হতে পারে না। জ্ঞান দেওয়ার নামে ব্যবসা করার কথা নয়। অ্যারিস্টোটলের মতে ,জ্ঞান হলো সবচেয়ে গুরুত্বপূর্ণ আগুন গুলির মধ্যে একটি যা যা একজন ব্যক্তির চরিত্র কে সংজ্ঞায়িত করে। যদি এটি সঠিক হয় তবে সমাজের প্রতিটি স্তরের কাছে সহজলভ্য শিক্ষা দেওয়া প্রতিটি রাষ্ট্রের নৈতিক দায়িত্ব। রাষ্ট্রের উচিত শিক্ষাকে বেসরকারিকরণ না করা কিন্তু দুর্ভাগ্যবশত ভারতে এখন এটাই হচ্ছে।

অধ্যাপক কৃষ্ণকুমার বলেন"রাষ্ট্রকে ধীরে ধীরে উচ্চশিক্ষা থেকে প্রত্যাহার করতে দেওয়ার নীতিটি বিস্তৃত অর্থনৈতিক মতাদর্শের উপর ভিত্তি করে যে উচ্চশিক্ষাকে ব্যক্তিগত হাতে ছেড়ে দেওয়া ভালো । প্রকৃতপক্ষে এটি উদারীকরণ প্রক্রিয়া শুরু হওয়ার আগেই পেশাদার শিক্ষার ক্ষেত্র শুরু হয়েছিল"বেসরকারি ব্যক্তিদের শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার অনুমতি দিয়ে সরকার বেপরোয়া। বেসরকারি ব্যক্তিরা না বাজারের নিয়ম অনুযায়ী শিক্ষা বিক্রি করছে। ফলস্বরূপ আমরা আমাদের বিশ্ববিদ্যালয় এবং কলেজগুলিতে শিক্ষাগত মূল্যবোধ ,সমালোচনামূলক চিন্তা ভাবনা লালন করতে ব্যর্থ হয়েছি।[3]
শিক্ষায় বেসরকারীকরণ বলতে আর্থিক সুবিধার জন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে ব্যক্তিগত পক্ষ গুলি দ্বারা পরিচালিত অনুমতি দেওয়ার রাষ্ট্রনীতি কে বোঝায়[4]
শিক্ষার ইতিবাচক পদক্ষেপ প্রয়োজন এমন একটি কর্ম সুবিধা বঞ্চিত ব্যক্তিদের সম্মান এবং মর্যাদা সাথে অন্যদের সাথে প্রতিযোগিতা করতে সহায়তা করে। শিক্ষাপ্রতিষ্ঠানে সংরক্ষন একটি ইতিবাচক পদক্ষেপ। এটি পিছিয়ে পড়া সম্প্রদায় এবং জনগণের একাংশকে শিক্ষা অর্জন করতে এবং সুবিধাপ্রাপ্ত শ্রেণীর সাথে প্রতিযোগিতা করতে সহায়তা করে। শিক্ষা বা চাকরির বাজারে প্রতিযোগিতা তখন ন্যায্য হয় যখন প্রতিযোগিরা সমান শক্তি সম্পন্ন হয়। ভারতে ধনী এবং দরিদ্রের মধ্যে বিশাল ব্যবধান রয়েছে। আমাদের জাতি, ধর্ম ও ভাষার ক্ষেত্রে বৈচিত্র্য রয়েছে। আমরা যদি সত্যিকার অর্থে একটি গণতান্ত্রিক সমাজ পেতে চাই । রাষ্ট্রকে অবশ্যই শিক্ষাক্ষেত্রে কিছু ইতিবাচক পদক্ষেপ নিতে হবে। শিক্ষা ক্ষেত্রে সংরক্ষণ সবচেয়ে

---

[3] Pariz pikul gogoi jan19,2019
[4] Gogoi 2019

গুরুত্বপূর্ণ কল্যাণমূলক নীতি গুলির মধ্যে একটি। এটি কেবল সুবিধাবঞ্চিত অংশগুলিকে পুষ্ট করে না বরং একটি সমাজের গণতন্ত্রের নীতি কেউ শক্তিশালী করে[5]
ভারতীয় সমাজে শিক্ষাকে গুণগত ও পরিমাণগত হবে ব্যয় করার জন্য বেসরকারিকরণের ভূমিকা গুরুত্বপূর্ণ। তাই রাজ্য ও কেন্দ্রীয় সরকার অর্থনৈতিক অর্জনের জন্য শিক্ষায় বেসরকারীকরণ কে উৎসাহিত করে মানব সম্পদের সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে। কিন্তু মানসম্মত শিক্ষার অভাব এর প্রভাব ফেলে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষিতদের নিয়োগ যোগ্যতা প্রকৃতপক্ষে, বেসরকারিকরণ ডিগ্রির সংখ্যা বৃদ্ধি করে একদিকে ধারণ অন্যদিকে বেকারত্ব। এর কারণ তাদের মধ্যে অনেকেই দরিদ্র। গবেষণায় প্রদত্ত পরামর্শের মাধ্যমে প্রদত্ত শিক্ষার মান উন্নয়নের জন্য বাস্তবায়ন করা যেতে পারে। বেসরকারিকরণ এবং শিক্ষা সমাজের উপর এর নেতিবাচক প্রভাব দূর করা। ব্যক্তি এবং ধর্মীয় যে সংস্থানগুলি সরকার এবং শিক্ষা কর্তৃপক্ষ কে খুশি করে শিক্ষা শিল্প স্থাপনের জন্য। মুনাফা মনে রাখতে হবে যে মানুষের শিক্ষা এবং অর্থের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ।[6]
বেসরকারিকরণের কিছু নেতিবাচক প্রভাব পড়েছে সামাজিক যেমন উচ্চ খরচ এর শিক্ষা ,অপর্যাপ্ত পরিকাঠামো, শিক্ষাব্যবস্থার ব্যবসায়ী করন। বেসরকারি শিক্ষা সব সময় তার মূল্য বৃদ্ধি করতে থাকে। পরিচালন কমিটি আলাদা আলাদা ব্যাপারে মূল্য নির্ধারণ করতে থাকে। এর ফলে সাধারণ পরিবারে খুব সমস্যা দেখা যায় এখানে বেসরকারি করণের ফলে শিক্ষা ব্যবসায় পরিণত হয়েছে উচ্চশিক্ষা দ্রুত হারে। কিছু কিছু কলেজে ডিগ্রী প্রদান করা হয় তাদের টাকা দেয়ার পর। সেখানে তোমার উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানে উপস্থিত না থাকলে হয় ।যেমন –ইঞ্জিনিয়ারিং ,ফার্মেসি ,ম্যানেজমেন্ট ইত্যাদি।[7]
জ্ঞান সৃষ্টি ও তার প্রসারের জন্য উচ্চ শিক্ষার ভূমিকা সবচেয়ে বেশি। বেসরকারিকরণ উচ্চশিক্ষার ক্ষেত্রে বেশ গুরুত্বপূর্ণ ।এই জীবনের পথ কর্মসংস্থানের পাশাপাশি নির্ধারণ করে একটি ব্যক্তির উপার্জন, মেয়েদের তুলনায় এই ইনস্টিটিউট নির্বাচন করার সময় ছেলেরা বেশি উৎসাহিত থাকে[8]

শিক্ষার পাশাপাশি গুণগত ভাবে সম্প্রসারনের জন্য বেসরকারিকরণের ভূমিকা গুরুত্বপূর্ণ পরিমাণ কত হবে এখানে রাজ্য ও কেন্দ্রীয় সরকার বেসরকারিকরণ কি উৎসাহিত করে

[5] Gogoi .jan19
[6] S.Samuel Ravi ,2015
[7] Dr prasanta Kumar barik, Dr shisira bania,2022
[8] Panigrahi Jinusha,2014

অর্থনৈতিক উন্নয়ন অর্জনের জন্য। কিন্তু মানসম্মত শিক্ষার অভাব প্রভাব ফেলে জনগণের উপর। প্রকৃতপক্ষে বেসরকারীকরণ এর ফলে ডিগ্রিধারীদের সংখ্যা বৃদ্ধি পায় একদিকে বৃদ্ধি পায় বেকারত্ব। এই গবেষণার পরামর্শগুলো হতে পারে বেসরকারীকরণ এর মাধ্যমে প্রদত্ত শিক্ষার মান উন্নয়নের জন্য বাস্তবায়িত করা এবং শিক্ষক সমাজের উপর নেতিবাচক প্রভাব দূর করা।[9]

[9] Abrol Monika ,2016

# METHODOLOGY

## (পদ্ধতি)

এই সমীক্ষাটি করা হয়েছে করা হয়েছে 2022 সালের এপ্রিল –মে মাসের মধ্যে এই গবেষণার ক্ষেত্রে ছিল পশ্চিমবঙ্গ রাজ্যের হুগলি জেলার সিঙ্গুর অঞ্চল । সেখানে non probability purposive sampling এর মাধ্যমে নমুনা চয়ন করা হয়েছে। নমুনা সংখ্যা হল 20। তথ্য সংগ্রহ করার জন্য মুখোমুখি সাক্ষাৎকার নেয়া হয়েছিল এবং সেখানে semi structured interview schedule ব্যবহার করা হয়েছে যাতে close-ended এবং open –ended দুই রকমের questions ছিল। এবং তথ্য বিশ্লেষণের ক্ষেত্রে পরিমাণগত এবং গুণগত দু'ধরনের পদ্ধতি ব্যবহার  করা হয়েছে।

# MAJOR FINDINGS

(প্রধান ফলাফল)

I)Tabular Representation (উপস্থাপনা সারণি)–

1) উত্তরদাতার মাসিক আয়–

| মাসিক আয় | উত্তরদাতার সংখ্যা | শতকরা(%) |
|---|---|---|
| 7 হাজার এর কম | 9 | 45% |
| 7 হাজার থেকে 10 হাজার | 6 | 30% |
| 10 হাজারের বেশি | 4 | 20% |
| 20 হাজারের বেশি | 1 | 5% |

4.1

উপরের 4.1 টেবিলে প্রকাশ করা হয়েছে উত্তরদাতাদের মাসিক আয়ের শতকরা হিসাব। 45% উত্তরদাতা অর্থাৎ 9 জন উত্তরদাতা মাসিক পারিবারিক আয় 7 হাজার এর কম। 30% উত্তরদাতার অর্থাৎ 6 জন উত্তরদাতার মাসিক পারিবারিক আয় 7 হাজার থেকে10 হাজার।

20% উত্তরদাতার অর্থাৎ 4জন উত্তরদাতার মাসিক পারিবারিক আয় 10 হাজারের বেশি।

5% উত্তরদাতার অর্থাৎ 1 জন উত্তরদাতার মাসিক পারিবারিক আয় 20 হাজারের বেশি।

2) উত্তরদাতারা পারিবারিক চাহিদা পূরণ করতে কতটা সক্ষম–

| | উত্তরদাতার সংখ্যা | শতকরা(%) |
|---|---|---|
| হ্যাঁ | 6 | 30% |
| না | 1 | 5% |
| মোটামুটি | 13 | 65% |

4.2

উপরের 4.2 টেবিলে প্রকাশ করা হয়েছে উত্তরদাতারা পারিবারিক চাহিদা পূরণ করতে কতটা সক্ষম।

30% উত্তরদাতা অর্থাৎ 6 জন উত্তরদাতা পারিবারিক চাহিদা পূরণ হয়।

5% উত্তরদাতার অর্থাৎ 1 জন উত্তরদাতার পারিবারিক চাহিদা পূরণ হয় না।

65% উত্তরদাতার অর্থাৎ 13 জন উত্তরদাতার পারিবারিক চাহিদা মোটামুটি ভাবে পূরণ হয়।

3) কতজন উত্তরদাতাদের বাড়িতে অসুস্থ রোগী আছে–

| অসুস্থ রোগী আছে | উত্তরদাতার সংখ্যা | শতকরা(%) |
|---|---|---|
| হ্যাঁ | 17 | 85% |
| না | 3 | 15% |

4.3

উপরের 4.3 টেবিলে প্রকাশ করা হয়েছে উত্তরদাতাদের বাড়িতে অসুস্থ রোগী আছে কি।

85% উত্তরদাতাদের অর্থাৎ 17 জন উত্তরদাতার পরিবারে অসুস্থ রোগী আছে।

15% উত্তরদাতার অর্থাৎ 3 জন উত্তরদাতার পরিবারে কোন অসুস্থ রোগী নেই।

4) উত্তরদাতাদের রোগের জন্য মাসিক খরচা–

| রোগীর জন্য মাসের খরচা | উত্তরদাতার সংখ্যা | শতকরা(%) |
|---|---|---|
| 100–1000 | 3 | 15% |
| 2000–3000 | 7 | 35% |
| 4000–5000 | 7 | 35% |
| একদম হয় না | 3 | 15% |

4.4

উপরের 4.4 টেবিলে প্রকাশ করা হয়েছে উত্তরদাতাদের রোগের জন্য মাসিক খরচ 15% উত্তরদাতার অর্থাৎ 3 জন উত্তরদাতার রোগের জন্য মাসের খরচা 100–1000। 35% উত্তরদাতার অর্থাৎ 7 জন উত্তরদাতার রোগের জন্য মাসের খরচা 2000–3000। 35% উত্তরদাতার অর্থাৎ 7 জন উত্তরদাতার রোগের জন্য মাসিক খরচা 4000–5000। 15% উত্তরদাতার অর্থাৎ 3 জন উত্তরদাতার রোগের জন্য কোন খরচা হয় না।

5) উত্তরদাতারা সন্তানের পড়াশোনার খরচা কিভাবে চালান–

| | উত্তরদাতার সংখ্যা | শতকরা(%) |
|---|---|---|
| Loan(ঋণ) নিয়ে | 6 | 30% |
| Savings থেকে | 8 | 40% |
| যে টাকা রোজগার করেন তার থেকে | 6 | 30% |
| কেউ অর্থ সাহায্য করে | 0 | 0% |

4.5

উপরের 4.5 টেবিলে প্রকাশ করা হয়েছে উত্তরদাতারা কিভাবে তাদের সন্তানদের পড়াশোনার খরচা চালাচ্ছেন।

30% উত্তরদাতা অর্থাৎ 6 জন উত্তরদাতা loan (ঋণ) সন্তানদের পড়াশোনার খরচা চালাচ্ছে।

40% উত্তরদাতা অর্থাৎ 8 জন উত্তরদাতা savings থেকে সন্তানদের পড়াশোনার খরচ চালাচ্ছে।

30% উত্তরদাতা অর্থাৎ 6 জন উত্তরদাতা নিজেদের রোজগারের টাকায় সন্তানদের পড়াশোনা করাচ্ছেন।

6) উত্তরদা তারা তাদের সন্তানদের টিউশান ফিস সঠিক সময় দিতে পারেন কি–

| | উত্তর দাতার সংখ্যা | শতকরা(%) |
|---|---|---|
| হ্যাঁ | 11 | 55% |
| না | 9 | 45% |

4.6

উপরের 4.6 টেবিলে প্রকাশ করা হয়েছে উত্তরদাতারা তাদের সন্তানদের টিউশান ফিস সঠিক সময় দিতে পারছে কী–

55% উত্তরদাতা অর্থাৎ 11 জন উত্তরদাতা তাদের সন্তানদের টিউশন ফি'র সঠিক সময়ে দিতে পারেন।

45% উত্তরদাতা অর্থাৎ 9 জন উত্তরদাতা তাদের সন্তানদের টিউশান ফিস সঠিক সময় দিতে পারেন না।

7) কতজন উত্তরদাতা savings করতে পারেন–

| | উত্তরদাতার সংখ্যা | শতকরা(%) |
|---|---|---|
| করতে পারে | 5 | 25% |
| করতে পারে না | 13 | 65% |
| সামান্য করে | 2 | 10% |

4.7

উপরের 4.7 টেবিলে প্রকাশ করা হয়েছে উত্তরদাতার savings করতে পারে কি

25% উত্তরদাতা অর্থাৎ 5 জন উত্তরদাতা savings করতে পারে।

65% উত্তরদাতা অর্থাৎ 13 জন উত্তরদাতা savings করতে পারে না।

10% উত্তরদাতা অর্থাৎ 2 জন উত্তরদাতা খুবই সামান্য পরিমাণে savings করতে পারে

8) উত্তরদাতারা সন্তানদের বেসরকারি উচ্চ শিক্ষা দেবার কারণ –

| কারণ | উত্তরদাতার সংখ্যা | শতকরা(%) |
|---|---|---|
| ছেলে-মেয়ের ইচ্ছা | 4 | 20% |
| আপনাদের ইচ্ছা | 1 | 5% |
| চাকরির আশায় | 15 | 75% |
| সরকারি কলেজে সুযোগ পাইনি তাই | 0 | 0% |

4.8

উপরের 4.8 টেবিল প্রকাশ করা হয়েছে উত্তরদাতারা কেন সন্তানদের বেসরকারি উচ্চ শিক্ষা দিচ্ছে–

20% উত্তরদাতা অর্থাৎ 4 জন উত্তরদাতা ছেলে-মেয়ের ইচ্ছের জন্য তাদের বেসরকারি উচ্চ শিক্ষা দিচ্ছে।

5% উত্তরদাতা অর্থাৎ 1 জন উত্তরদাতা তার নিজের ইচ্ছাতে সন্তানকে বেসরকারি উচ্চ শিক্ষা দিচ্ছে।

75% উত্তরদাতা অর্থাৎ 15 জন উত্তরদাতা চাকরির আশায় তার সন্তানকে বেসরকারি উচ্চ শিক্ষা দিচ্ছে।

9) উত্তরদাতাদের কি মনে হয় সরকারের শিক্ষা থেকে বেসরকারি শিক্ষা ভালো না খারাপ–

| | উত্তরদাতার সংখ্যা | শতকরা(%) |
|---|---|---|
| ভালো | 16 | 80% |
| খারাপ | 4 | 20% |
| এরকম | 0 | 0% |
| অন্য কিছু | 0 | 0% |

4.9

উপরের 4.9 টেবিলে প্রকাশ করা হয়েছে উত্তরদাতাদের কি মনে হয় সরকারের শিক্ষা থেকে বেসরকারি শিক্ষা ভালো না খারাপ–

80% উত্তরদাতা অর্থাৎ 16 জন উত্তরদাতার কাছে বেসরকারি শিক্ষা ভালো।

20% উত্তরদাতা অর্থাৎ 4 জন উত্তরদাতার কাছে বেসরকারি শিক্ষা খারাপ।

II)Data Analysis ( প্রাপ্ত তথ্য বিশ্লেষণ)–

1) বেসরকারি উচ্চ শিক্ষা পছন্দের কারণ–উত্তরদাতাদের থেকে জানতে চাওয়া হয়েছিলসরকারের শিক্ষা থেকে বেসরকারি শিক্ষা ভালো না খারাপ। তাতে এই 80% উত্তরদাতা উত্তর দিয়েছে ভালো। তাদের এই ভালোলাগার বা পছন্দের কারণ জানতে চাওয়া তে তারা বিভিন্ন রকমের উত্তর দিয়েছেন। কোন কোন উত্তরদাতা বলেছেন পয়সা দিয়ে বা বেশি টাকা খরচা করে পড়াশোনা করালে পড়াশোনা ভালো হয়। সরকারের শিক্ষা ব্যবস্থায় টাকা-কম নেওয়াতে তাদের শিক্ষা ভালো হয় না। তাদের মূল বক্তব্য টাকা দিয়ে সব জিনিস ভালো হয়। অনেকে এটা বলেছে কাঠামো ভালো, নিয়ম আছে,। সহকারী শিক্ষার পড়াশোনায় চাপ থাকে না তাই সন্তানরা পড়াশোনা করতে চান না কিন্তু বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে থাকার কারণে ছেলে মেয়েরা পড়াশোনা করে। কারো কারো মতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ইংলিশ এর ব্যবহার বেশি থাকায় সন্তানরা ইংলিশ ভালোভাবে শিখতে পারে। কেউ বলেছে বেসরকারি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলি সময় উপযোগী শিক্ষা দিয়ে থাকে। বর্তমানে সমাজে যে ধরনের শিক্ষা দরকার তা বেসরকারি উচ্চ শিক্ষার প্রতিষ্ঠানগুলি দিয়ে থাকে। কিন্তু বেশিরভাগ উত্তরদাতা বলেছেন বেসরকারি শিক্ষা ভালো তার কারণ চাকরি পাওয়া যায়। 75% উত্তরদাতা তাদের সন্তানদের বেসরকারি উচ্চ শিক্ষা দিচ্ছে চাকরির আশায় ফলে এটা বোঝা যায় যে উত্তরদাতাদের ভালো লাগা বা পছন্দের মূল কারণ চাকরি।

2 )ঋণ গ্রহণের অসুবিধা– বেশকিছু উত্তরদাতা এরকম বলেছে তাদের আর্থিক অবস্থা এমন তাদের শিক্ষা ঋণ নেয়া প্রয়োজন। কিন্তু শিক্ষা ঋণ গ্রহণের পর তা ফেরত দেয়ার সামর্থ্য নিয়ে অনেকের মনেই সন্দেহ রয়েছে। ভবিষ্যতে আর্থিক সমৃদ্ধি প্রত্যাশিত পরিমাণে না হলে ঝুঁকিটা থেকে যাচ্ছে। এই কারণেই অনেকেই ঋণ নিতে চাইছে না তাদের জমানো পুজো থেকেই সন্তানদের পড়াতে বাধ্য হচ্ছে।

3) পরিবারের সকল চাহিদা পূরণ না হওয়ার কারণ –45% উত্তরদাতার মাসিক আয় 7 হাজার টাকার কম তাদের পক্ষে সন্তানদের পড়াশোনার খরচ চালিয়ে পরিবারের সকল চাহিদা পূরণ করা সম্ভব হয়ে ওঠেনা। 65% উত্তরদাতার পরিবারের চাহিদা মোটামুটি ভাবে পুরন হয়।5% উত্তরদাতাঃ সংসারের চাহিদা মেটাতে পারেনা। 85% উত্তরদাতার পরিবারে অসুস্থ রোগী

আছে। তাদের জন্য খরচের পরিমাণ অনেক হয়। অনেকের মাসিক আয় যা হয় তা দিয়ে রোগীর খরচা চালাতে পারেনা। পরিবর্তে তাদের নিজেদের জমানো পুঁজি থেকে খরচা করতে হয়। অনেকে এটাও বলেছেন যে তাদের মাসিক আয় টাকা আয় ছেলেমেয়েদের পড়াশোনা হয় না তার জন্য তাদের জমানো পুঁজির ওপর নির্ভর করতে হয়। ঋণশোধের ভয় থাকার জন্য তারা ঋণ গ্রহণ করতে পারে না। বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠান বিভিন্ন রকম অর্থ নিয়ে থাকে। কিছু উত্তরদাতার বাড়িতে সদস্য সংখ্যা অনেক কিন্তু রোজগারের রাস্তা একটা তারা অন্য কোন কাজ করে না। করলেও চাষবাস, মাছ ধরা ইত্যাদি কাজ করে থাকে। বর্তমানে এই সব কাজ করে তারা পরিবারের চাহিদা মেটাতে পারছেনা। সবদিক বিবেচনা করে এটা দেখা যাচ্ছে যে বেশির ভাগ উত্তরদাতা তাদের পরিবারের চাহিদা ভালোভাবে মেটাতে পারছে না এছাড়াও এই চাহিদা না মেটাতে পাড়ার সব চেয়ে বড় কারন বেসরকারি শিক্ষা উচ্চ হারে ফি গ্রহণ। যেটা উত্তরদাতাদের কাছে সমস্যা সৃষ্টি করছে তারা আর্থিক বুঝি না থাকা সত্বেও খরচা করতে বাধ্য হচ্ছে তাই পরিবারের চাহিদা মেটানোর সময় তার হাতে অল্প পরিমাণ টাকা থাকছে।

4) সঠিক সময় টিউশন ফিস না দিতে পারার কারণ–45% উত্তরদাতা বলেছেন তারা সঠিক সময় টিউশান ফিস দিতে পারেন না। তার মূল কারণ আর্থিক অবস্থা খারাপ সব খরচা চালিয়ে সঠিক সময় ফিস জমা দেওয়া দুষ্কর হয়ে ওঠে তাদের পক্ষে।

5) Savings না করতে পারার কারণ –উত্তরদাতাদের মধ্যে 65% উত্তরদাতা কোন প্রকার Savings করতে পারেনা এত কিছুর পর কোন বেশি টাকা থাকে না জাতারা জমাতে পারবে

6) বেসরকারি উচ্চ শিক্ষা দুই সন্তানের মধ্যে একজনকে দেবার কারণ–বেশিরভাগ উত্তরদাতার আর্থিক অবস্থা খুবই খারাপ হওয়ার কারণে সংসারের চাহিদা মিটিয়ে দুই সন্তানকে বেসরকারি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান ভর্তি করা সম্ভব হয়ে উঠছে না। তাদের মতে তারা সাধারণ শিক্ষায় ছেলেমেয়েদের দিতে পারছেন ভালো করে। তাই তারা কোনভাবেই দুই সন্তানকে বেসরকারি উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি করছে না। অনেকে বলছেন যে যে সন্তান পড়াশোনায় ভালো তার পিছনে তারা খরচা করতে ইচ্ছুক।

7) বেসরকারি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে কেন মেয়েদের থেকে ছেলেদের বেশি দেয়া হচ্ছে –কিছু উত্তরদাতার বক্তব্য মেয়েদের তো বিয়ে দিতে হবে তাই না বেশি পোড়ালেও হবে। কিন্তু ছেলেরা তাদের কাছে থাকবে এবং পরবর্তীকালে তাদেরকে পরিবারের দায়িত্ব নিতে হবে তাই তাদের চাকরি দরকার। এছাড়াও কেউ বলছে মেয়েদের তুলনায় ছেলেরা পড়াশোনায় ভালো। ফলে

এটা বোঝা যাচ্ছে যে মেয়েদের থেকে ছেলেদের বেসরকারি উচ্চ শিক্ষা দেওয়ার ঝোঁক পরিবারের বেশি।

# CONCLUSION AND RECOMMENDATIONS
## (উপসংহার এবং সুপারিশ)

পরিবারের ওপর উচ্চশিক্ষার বেসরকারিকরণের প্রভাব দেখতে যেয়ে দেখা গেছে যে বেশিরভাগ পরিবারই চাকরির আশায় তার সন্তানদের বেসরকারি প্রতিষ্ঠান পরাতে চাইছে। বর্তমানে দেখা যাচ্ছে সবাই চাইছে নিজেদের আর্থিক উন্নতি ঘটাতে কারণ আর্থিক উন্নতি ঘটাতে পারলে তাদের সামাজিক অবস্থার ও পরিবর্তন ঘটবে। তাই বর্তমানে বেশিরভাগ পরিবারই তাদের আর্থিক পুঁজি না থাকা সত্ত্বেও এর পিছনে খরচা করছে যাতে তাদের আর্থিক উন্নতি ঘটে ও সামাজিক অবস্থার পরিবর্তন ঘটে। এই আর্থিক পুঁজি সন্তানের পড়াশোনার কাজে লাগানোর জন্য তাদের অর্থনৈতিক চাপ সৃষ্টি হচ্ছে তার ফলে তাদের পরিবারের চাহিদা পূরণ হচ্ছে না ভালোভাবে। ঋণশোধের ভয়ে তারা ঋণ গ্রহণ করতে পারছেন না। এতটা পরিমাণ এর টাকা খরচা হয়ে যাচ্ছে তারা টাকা জমাতে পারছেনা। তাদের হাতে কোনো বাড়তি টাকা থাকছে না। তাও তারা সন্তানদের ভবিষ্যতের কথা মাথায় রেখে বেসরকারী প্রতিষ্ঠানের উচ্চ মূল্য নির্ধারণ কে মেনে নিয়ে বেসরকারি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানকে ভালোভাবে সন্তানদের পড়াশোনা চালিয়ে যাচ্ছে।
এই সমীক্ষা ক্ষেত্রটি ছোট হওয়ার কারণে, সময়ের অভাবে এবং কিছুটা অর্থনৈতিক সমস্যার কারণে যতটা আশা করা হয়েছিল করা যাবে ততটা করতে পারা যায়নি।

এটা আরও বৃহত্তর ক্ষেত্রে অর্থাৎ এখানে গ্রামের বাসিন্দাদের মধ্যে সরকারি ও বেসরকারিকরণের মধ্যে তুলনা করা হয়েছে আমরা এটাতে অন্যধরনের তুলনা পেতে পারি যদি এটার সঙ্গে শহরের বাসিন্দারা কি মনে করছে তার তুলনা করি।

# ANNEXURES

I) Bibliography ( গ্ৰন্থপঞ্জি) –


Dr.barik Kumar prasanta.Dr bania shisira 2022, *privatization of higher education In India* ,shree publishers,new delhi.

Abrol Monika 2016, *Emerging Trends of privatization of education in India*, research India publications,India .

Panigrahi jinusha 2014, *growing private providers and constraint in choice of higher education institutions*,new delhi.

Abdulla naser 2019,*brief research on the privatization of education,* University of nicosia.

Ravi S.samuel 2015,*Impact of privatisation of education in Indian society,*an international peer–reviewed journal, Tamil nadu.

gogoi ,p.p.(2019) *privatisation of education in India is Anti–poor and Anti –people*, Retrieved date;12/06/2021.

Manmeet oberoi baweja 2017, *privatization of higher education In India:* impact and suggestions.

Ignou service, August 2021,*why do we need privatization of higher education in india.*

*Journal of education on development*, December 2016.

**প্রশ্নপত্র ( questionnaire )**

**Impact of privatization of higher education on family ( পরিবারের ওপর উচ্চশিক্ষার বেসরকারিকরণের প্রভাব)**

Name( নাম ) —

Age ( বয়স ) —

Religion ( ধর্ম) —

Category ( শ্রেণী) —Gen/ ST/ SC / OBC(OBC-A / OBC -B)

*সঠিক উত্তর এ দাগ দেবেন ----

১) আপনাদের বাড়িতে কতজন সদস্য?
উত্তর-

২) আপনাদের কটি সন্তান আছে?
উত্তর-

ছেলে কতজন–

মেয়ে কতজন –

৩) আপনি কী করেন?

a) কৃষক b) ছোট ব্যাবসা

c) কেরানি ( clerk ) d) দিনমজুর

অন্যান্য __________________ ।

৪) আপনি মাসে কত টাকা আয় করেন ?

a) ৭ হাজার এর কম.

b) ৭ হাজার থেকে ১০ হজার.

c) ১০ হাজার এর বেশি.

d) ২০ হাজার এর বেশি.

৫) A)আপনি কি পড়াশোনা করেছেন?

a) হ্যাঁ b) না

B) যদি পড়েন কতটা পড়েছেন ?

a) অষ্টম শ্রেনী পর্যন্ত

b) অষ্টম শ্রেণীর কম

c) মাধ্যমিক

d) উচ্চ মাধ্যমিক

অন্য কোনো ______________________________।

C) আপনি কি ভালো ভাবে English পড়তে পারেন ?

a) হ্যাঁ b) না

৬) A) আপনি আপনার সংসারের সকল চাহিদা পূরণ করতে পারেন?

a) হ্যাঁ b) না

c) মোটামুটি

B) যদি সংসারের চাহিদা পূরণ না হয় তাহলে কি অন্য কোনও বিকল্প কিছু কাজ করেন?

a) হ্যাঁ। c) না d) মাঝে মাঝে করেন

C) যদি করেন কি কাজ বা কী রকম কাজ ______________________

__________________.

৭)
A) আপনারা কি কোথাও বেড়াতে যান?

a) হ্যাঁ b) না

B) যদি যান তাহলে কোথায় যান ________________________

____________________.

৮) A) আপনাদের বাড়িতে কি এমন কোনো রোগী আছে যাদের শারীরিক অসুস্থতার জন্য আপনাদের অর্থ ব্যয় হয়?

a) হ্যাঁ   b) না

B) মোটামুটি কত টাকা ব্যয় হয় মাসে______________________.

C) শারীরিক অসুস্থতা বা রোগটি কি রোগ______________________

___________________.

D) বাড়ির কোন সদস্যের জন্য______________________

____________________ .

৯) A)আপনারা কী করে আপনাদের সন্তানদের পড়াশোনার খরচা চালান?

a) loan নিয়ে ।

b) Savings থেকে ।

c) যে টাকা মাসে রোজগার করেন তা থেকে।

d) অন্য কেউ অর্থ সাহায্য করেন।

B) যদি লোন নিয়ে থাকেন তাহলে কি সঠিক সময় শোধ দিতে পারেন?

a) হ্যাঁ   b) না

১০) A) আপনারা ছেলে মেয়েদের কলেজের টিউশান ফিস প্রত্যেকবার সঠিক সময় দিতে পারেন?

a) হ্যাঁ   b) না

B) যদি না দিতে পারেন তার কারণটা কি
উত্তর--

১১)
A) আপনারা আপনাদের সন্তানকে কেন প্রাইভেট হায়ার এডুকেশন দিচ্ছেন বা বেসরকারি উচ্চ শিক্ষা দিচ্ছেন?

a) ছেলে-মেয়ের ইচ্ছা।

b) আপনাদের ইচ্ছা।

c) চাকরির আশায়।

d) সরকারি কলেজে সুযোগ পায়নি তাই।

B) অন্যান্য ______________________________

______________________________

১২) A) আপনাদের সন্তানের মধ্যে কে কী নিয়ে পড়াশোনা করে ?

ছেলে / ছেলেরা কী নিয়ে পড়াশোনা করে -

মেয়ে/ মেয়েরা কী নিয়ে পড়াশোনা করে -

B) যদি ছেলেকে private higher education ( বেসরকারি উচ্চ শিক্ষা) দিয়ে থাকেন তাহলে মেয়ে কে কেনো দিচ্ছেন না ?
উত্তর -

C) দুই ছেলে / দুই মেয়ের মধ্যে আপনি একজন কেই কোনো private higher education ( বেসরকারি উচ্চ শিক্ষা) দিচ্ছেন ?
উত্তর -

১৩) এত কিছুর পরেও কি আপনি savings করেন?

a) হ্যাঁ b) না

১৪) A) আপনি কি প্রাইভেট বা বেসরকারি ছাড়াও আপনার সন্তানকে এক্সট্রা টিউশন বা অন্য কিছুতে ভর্তি করেছেন?

a) হ্যাঁ b) না

B) যদি করেন কীসে করেছেন
উত্তর-

১৫)
A) এতকিছুর পর আপনাদের ছেলেমেয়েদের দৈনন্দিন চাহিদা পূরণ করা সম্ভব হয় কি?

a) হ্যাঁ b) না

B) কেমন চাহিদা–a) হাত খরচা
b) ঘোরা বেড়ানো

C) আহ্লাদ

d) পোষাক

১৬) A) আপনাদের কি মনে হয় সরকারের শিক্ষা থেকে বেসরকারি শিক্ষা—

a) ভালো b) খারাপ

c) একই d) অন্যকিছু

B) যদিভালো হয় তাহলে কেন ভালো ?
উত্তর–

C) যদি খারাপ হয় তাহলে কেন খারাপ?
উত্তর–